**KASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 08.07.2026** **Desk in Charge : KL**
**Time: 1.30 PM** **Edit.&Compile:- SUBHRA C. / NBR**
**DEO: KB** **NRT : SUBHRA C**

বিশেষ বিশেষ খবরঃ-

১) তিন দেশ সফরের দ্বিতীয় পর্যায়ে আজ মেলবোর্ণের উদ্দেশে রওনা হয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

২) ইন্দোনেশিয়ার যোগ্যাকার্তায় পরমবানান মন্দির পরিদর্শন করে প্রধানমন্ত্রী মোদী, এই সফরকে এক গভীর আধ্যাত্মিক এবং স্মরনীয় অভিজ্ঞতা হিসেবে বর্ণনা করেছেন।

৩) কেরালমের ওয়ায়নাড়ে ভূমিধসে মৃতদের পরিবার-পিছু ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেছে রাজ্য সরকার। **#** রাজ্যের ৬ জেলায় ভারী বৃষ্টির কমলা সতর্কতা।

৪) বাণিজ্যিক জাহাজ গুলির ওপর সাম্প্রতিক আক্রমণের জবাবে আমেরিকা, ইরানের ওপর নতুন করে বিমান হামলা চালিয়েছে।

৫) শারজা থেকে করাচিগামী একটি মালবাহী বিমান গতরাতে আরব সাগরের ওপর দিয়ে যাওয়ার সময় ৫ ক্রু সহ নিখোঁজ হয়ে গেছে।

৬) বিশ্বকাপ ফুটবলের শেষ আটের পর্ব শুরু হবে আগামিকাল। **#** কোয়ার্টার ফাইনালে ফ্রান্স, মরক্কোর, স্পেন, বেলজিয়ামের; নরওয়ে, ইংল্যান্ডের ও আর্জেন্টিনা, সুইজারল্যান্ডের বিরুদ্ধে খেলবে।

***********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তিন দেশ সফরের দ্বিতীয় পর্যায়ে আজ মেলবোর্ন পৌঁছবেন। ইতমধ্যেই তিনি ইন্দোনেশিয়া থেকে রওনা হয়েছেন।

তিন দিনের সফরে সেখানে তিনি অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবেনিজের সঙ্গে তৃতীয় ভারত অস্ট্রেলিয়া বার্ষিক শিখর সম্মেলনে অংশ নেবেন।এর পাশাপাশি প্রধানমন্ত্রী মোদী ভারত অস্ট্রেলিয়া সিইও ফোরামে যোগ দেবেন।সেখানে উভয় দেশের শীর্ষ বানিজ্য নেতৃবৃন্দের সমাবেশে তাঁর ভাষণ দেওয়ার কথা।এছাড়া শ্রী মোদী প্রবাসী ভারতীয়দের এক বৃহৎ সমাবেশে বক্তব্য রাখবেন।

উল্লেখ্য, সে দেশে বসবাসকারী এ দেশের মানুষ ভারত অস্ট্রেলিয়া সম্পর্কের এক দৃঢ় ভিত্তি রচনা করেছেন।

*******************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইন্দোনেশিয়ার যোগ্যাকার্তায় ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজ সাইট পরমবানান মন্দির পরিদর্শন করেন। সেদেশের রাষ্ট্রপতি প্রাবোও সুবিয়ান্ত, শ্রী মোদীর সঙ্গে ছিলেন। ইন্দোনেশিয়ার সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতিফলনস্বরূপ সেদেশের নিজস্ব গীত ও নৃত্য শৈলীর মাধ্যমে প্রধানমন্ত্রী মোদীকে স্বাগত জানানো হয়।

দুই নেতা নবম শতাব্দীর এই মন্দির চত্বর ঘুরে দেখেন। শ্রী মোদী পুজো দেন শিব মন্দিরে। উভয় দেশের সহযোগিতায় মন্দিরের সংরক্ষণ কাজও পর্যালচনা করেন তাঁরা।

এক যৌথ বিবৃতিতে রাষ্ট্রপতি সুবিয়ান্ত বলেন, পারামবানান মন্দির, ভারত ও ইন্দোনেশিয়ার মধ্যে বিদ্যমান শতাব্দী প্রাচীন সভ্যতাগত বন্ধনের প্রতীক। মন্দিরের সংরক্ষণ ও সংস্কারের কাজে সহায়তার জন্য তিনি ভারতকে ধন্যবাদ জানান। সুবিয়ান্ত বলেন, সাংস্কৃতিক ঐতিহ্যই দু দেশের মধ্যে সেতুবন্ধনের কাজ চালিয়ে যাবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সফরকে এক গভীর আধ্যাত্মিক এবং স্মরণীয় অভিজ্ঞতা হিসেবে বর্ণনা করেছেন। দ্বাদশ শতাব্দীর ঐতিহ্য সংরক্ষণের জন্য সেদেশের জনগনকে ধন্যবাদ জানিয়ে শ্রী মোদী বলেন, মন্দির সংরক্ষনে ভারতের অংশগ্রহন, দুদেশের মধ্যে

অভিন্ন সাংস্কৃতিক পরম্পরাকে ফুটিয়ে তোলে। এই প্রকল্প ভারত ও ইন্দোনেশিয়ার মধ্যে মানুষে মানুষে জনসংযোগ গড়ে তুলবে।

(বাইট- মোদী সংস্কৃতি)

উল্লেখ্য, প্রধানমন্ত্রী, তাঁর তিনদিনের ইন্দোনেশিয়া সফরে উষ্ণ অভ্যর্থনার জন্য রাষ্ট্রপতি সুবিয়ান্তকে ধন্যবাদ জানান।

******************************

ভারত ও ইন্দোনেশিয়া উচ্চ শিক্ষাক্ষেত্রে সহযোগিতা আরো বাড়িয়ে তুলতে এক উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল জানান, ইন্দোনেশিয়ায় ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট ব্যাঙ্গালোর তাদের প্রথম আন্তর্জাতিক শাখা চালু করবে। পূর্ব জাভার সিংহসারি বিশেষ অর্থনৈতিক অঞ্চলে এই ক্যাম্পাস গড়ে উঠবে। আসিয়ান অঞ্চলের পড়ুয়া এবং বিশেষজ্ঞদের কাছে উচ্চ শিক্ষার এক নতুন দিগন্ত খুলে দেবে এই প্রতিষ্ঠান। এই উদ্যোগ, উদ্ভাবন, দক্ষতাবৃদ্ধি এবং শিক্ষা সহযোগিতা আরো বাড়িয়ে তুলবে বলে আশা করা হচ্ছে।

******************************

কেরালমের ওয়ায়নাড়ে ভূমিধসে মৃতদের পরিবার-পিছু ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী ভি ডি সতীশন জানিয়েছেন, ওয়ায়নাড়ে সুড়ঙ্গের কাজ সম্পূর্ণ তদন্ত শেষ হওয়ার পরই আবার শুরু হবে। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর দুটি দল এখনো দুর্ঘটনাস্থলে রয়েছে। পাঁচজনের খোঁজ এখনো পাওয়া যায়নি উদ্ধার কাজ এখনো চলছে বলেও মুখ্যমন্ত্রী তিরুবানন্তপুরমে জানিয়েছেন।দুর্ঘটনার আগে ওই সুড়ঙ্গ তৈরীর স্থান থেকে মাটি সরানোর কাজে গাফিলতি হয়েছিল বলেও মুখ্যমন্ত্রী জানান।

******************************

ভারতীয় আবহাওয়া দপ্তর জানিয়েছে অনুকূল পরিস্থিতিতে উত্তর পশ্চিম মৌসুমি বায়ু উত্তর আরব সাগর, রাজস্থান, হরিয়ানা ও পাঞ্জাবের অবশিষ্ট অংশে আগামী দুদিনের মধ্যে আরো অগ্রসর হবে।মৌসম ভবন জানিয়েছে হিমালয় সন্নিহিত পশ্চিম

বঙ্গ,সিকিম,মহারাষ্ট্র,কর্ণাটকের উপকূল ভাগ, কঙ্কন,গোয়া ও দক্ষিণ কর্ণাটকের অভ্যন্তরে আজ অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে।দিল্লি,হরিয়ানা,চণ্ডীগড় হিমাচল প্রদেশ,জম্মু-কাশ্মীর,লাদাখ উত্তর পূর্ব ভারতের কিছু অংশে মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা।আজ অন্ধ্রপ্রদেশ,লাক্ষা দ্বীপ,আন্দামান নিকোবর দীপপুঞ্জ,বিহার,ওড়িশা,পশ্চিম বঙ্গ সিকিমে বজ্রপাত সহ ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে।জাতীয় রাজধানীর কোন কোন অংশে আজ সকালে বৃষ্টিপাতের খবর পাওয়া গেছে।

*****************************

জম্মু-কাশ্মীরে পুলিশ জানিয়েছে সোপিয়ানের চানা পোরা এলাকায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে এক জঙ্গির মৃত্যু হয়েছে। সেনা এবং কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর সঙ্গে রাজ্য পুলিশ এই অভিযান চালায়। পুলিশের মহনির্দেশক বি কে বিরদি আকাশবাণী সংবাদদাতাকে জানিয়েছেন, সংঘর্ষ স্থল থেকে অজ্ঞাত পরিচয় এক জঙ্গির দেহ উদ্ধার হয়েছে পাওয়া গেছে বেশ কিছু অস্ত্রশস্ত্র।

*****************************

পশ্চিমবঙ্গের বারুইপুরে নাবালিকাকে খুন ও ধর্ষণের ঘটনায় ধৃত অন্যতম অভিযুক্ত প্রভাস মন্ডলের পুলিশের গুলিতে মৃত্যু হয়েছে। গতরাতে মামলার তদন্তে সূর্যপুরে ‘অপরাধ স্হলে’ ঘটনার পুনর্নির্মাণের কাজ শুরুর ঠিক আগে সে এক পুলিশ কর্মীর আগ্নেয়াস্ত্র ছিনিয়ে নিয়ে পালানোর চেষ্টা করে বলে অভিযোগ। আত্মরক্ষার্থে পুলিশ পাল্টা গুলি চালালে, গুরুতর আহত হয় প্রভাস। তাকে দ্রুত বারুইপুর মহকুমা হাসপাতালে নিয়ে গেলে মৃত ঘোষণা করা হয়। প্রভাসের দেহ বর্তমানে বারুইপুর হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

প্রভাসের মা সন্ধ্যা মন্ডল জানিয়েছেন, তাঁর ছেলে যে কাজ করেছে, সেই কারণে তাঁর মৃত্যুতে তাঁদের কোন আফসোস নেই। এমন কি, ছেলের মৃতদেহ নিতেও অস্বীকার করেছেন তিনি।

এদিকে, এই ঘটনায় আর এক অভিযুক্ত কবীর মোল্লাকে পুলিশ গ্রেফতার করেছে। এই নিয়ে এই ঘটনায় ধৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো–চার।

*****************************

হরমুজ প্রণালী দিয়ে যাওয়া বাণিজ্যিক জাহাজ গুলির ওপর ইরানের সাম্প্রতিক হামলার প্রত্যুত্তরে আমেরিকা, ইরানের ওপর নতুন করে বিমান হামলা চালিয়েছে। আমেরিকার সেন্ট্রাল কমেন্ট জানিয়েছে, হরমুজ প্রণালী সংলগ্ন এলাকায় ইরানের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা কমেন্ট এন্ড কন্ট্রোল সেন্টার, উপকূলের রেডার সাইট, জাহাজের ওপর মিসাইল আক্রমণ প্রতিরোধ ব্যবস্থা এবং আরো ৬০ টিরও বেশি ইসলামিক revolutionary গার্ড কোরের দ্রুতগতি সম্পন্ন নৌকর ওপর হামলা চালানো হয়েছে। তারা আরো জানিয়েছে ,আন্তর্জাতিক জাহাজ চলাচল ব্যবস্থার ওপর ইরানের আঘাত হানার ক্ষমতা দুর্বল করে দিতেই এই আক্রমণ চালানো হয়েছে। এদিকে, ইরান এই হামলার ঘটনা সত্যতা স্বীকার করলেও জানিয়েছে এর ফলে হতাহতের কোন খবর নেই। সেদেশের সরকারি সংবাদ সংস্থা জানিয়েছে বান্দার আব্বাস ,কেশম এবং সিরিকে বিস্ফোরণের শব্দ পাওয়া গেছে। ইরান আরো জানিয়েছে ,হরমুজ প্রণালীতে কারো হস্তক্ষেপ বা নিয়ন্ত্রণের চেষ্টা তারা বরদাস্ত করবে না।

অন্যদিকে, ইতোমধ্যেই মার্কিন যুক্তরাষ্ট্র, অন্তর্বর্তী চুক্তির আওতায় থাকা ইরানের তেল বিক্রয়ের অনুমতিপত্র প্রত্যাহার করে নিয়েছে। এতে আন্তর্জাতিক বাজারে ইরানকে তেল রপ্তানির ছাড়পত্র দেওয়া হয়েছিল এবং এই প্রথম তারা ডলারে এর দাম পাবে বলে জানানো হয়েছিল। ইরান এই বিমান হামলার করা নিন্দার পাশাপাশি তেল রপ্তানির ওপর নিষেধাজ্ঞা বাতিলের সিদ্ধান্তেরও সমালোচনা করেছে। কুয়েত জানিয়েছে আমেরিকা , ইরানের ওপর বিমান হামলা চালানোর প্রেক্ষিতে তারা তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা আরো শক্তিশালী করেছে। বাহরিন ইতোমধ্যেই মিসাইল হামলার কথা জানিয়েছে, তবে কোন ক্ষয়ক্ষতি বা হতাহতের খবর নেই।

*****************************

পেট্রলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দফতরের মন্ত্রী হরদীপ সিং পুরী বলেছেন, আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম স্থিতিশীল বা হ্রাস পেলে দেশে পেট্রল ও ডিজেলের মূল্য ইতিবাচক দিকে থাকবে বলে আশা করা যাচ্ছে।

বিশ্বে তেল ও গ্যাসের সরবরাহ ক্রমশ প্রসারিত হচ্ছে বলে আশা প্রকাশ করে মন্ত্রী বলেন, উপ-ভোক্তাদের দৃষ্টিভঙ্গীও সেই সঙ্গে অনুকূল হচ্ছে। গতকাল নতুন দিল্লিতে দীক্ষিত ভারত কনক্লেভে বক্তব্য রাখতে গিয়ে শ্রী পুরী বলেন, কূটনৈতিক দৌত্য ও সময়োপযোগী নীতি নির্ধারণ, অভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধি ও বহুমুখী আমদানি ক্ষেত্র বৃদ্ধির ফলে, ভারত সাম্প্রতিক দশকে জ্বালানি সরবরাহ ব্যাহত হওয়ার মতো চ্যালেঞ্জ সাফল্যের সঙ্গে মোকাবিলা করেছে।

*****************************

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর বলেছেন, ভারত – বাহারিন সহযোগিতা ধারাবাহিকভবে ঘনিষ্ট হচ্ছে। গতকাল তার দু-দিনের বাহারিন সফর শেষ হয়। এই সফরে ডক্টর জয়শঙ্কর বাহারিনের রাজা হামিদ বিন ইসা আল খালিফার সঙ্গে সাক্ষাৎ করেন। সেখানে উপস্থিত ছিলেন যুবরাজ তথা প্রধানমন্ত্রী প্রিন্স সালমান বিন হামাদ আল খলিফা।

এছাড়া বিদেশমন্ত্রী সেদেশের উপ-প্রধানমন্ত্রী শেখ খালিদ বিন আব্দুল্লা আল খালিফার সঙ্গেও পৃথকভাবে বৈঠক করেন। এই সব বৈঠকে বিদেশমন্ত্রী, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শুভেচ্ছা তাদের হাতে তুলে দেন এবং বাহারিনের সঙ্গে ভারতের মৈত্রীপূর্ণ দীর্ঘ মেয়াদী দ্বিপাক্ষিক অংশীদারিত্ব আরও গভীর করার বিষয়ে ভারতের দায়বদ্ধতার কথা পুনরায় উল্লেক করেন। শ্রী জয়শঙ্কর বাহারিনে ভারতীয় সম্প্রদায়ের নিরাপত্তা, সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে বাহারিনের নেতৃত্বকে ধন্যবাদ জানান। এর পাশাপাশি ডক্টর জয়শঙ্কর সেদেশের বিদেশমন্ত্রী ডক্টর আব্দুল লতিফ বিন রশিদ আল জায়ানির সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। দু-দেশের মন্ত্রী, আঞ্চলিক ও পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আন্তর্জাতিক অগ্রগতির বিষয়ে মত বিনিময় করেন। এছাড়া তাঁরা ভারত –বাহারিন দ্বিপাক্ষিক সম্পর্ক ও বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও বৃদ্ধির পন্থা-পদ্ধতি উদ্ভাবন নিয়ে মত বিনিময় করেছেন।

ডক্টর জয়শঙ্কর বাহারিনে বসবাসরত প্রবাসী ভারতীয়দের সঙ্গেও সাক্ষাৎ করেন। বাহারিনের অর্থনৈতিক উন্নয়নে তাদের ভূমিকার প্রশংসা করেন তিনি।

*****************************

শারজা থেকে করাচিগামী একটি মালবাহী বিমান গতরাতে  আরব সাগরের ওপর দিয়ে যাওয়ার সময় নিখোঁজ হয়ে গেছে। পাকিস্তানের আকাশ সীমায় ,কে-২ এয়ার ওয়েজ বোয়িং  737-400 বিমানটি, পশ্চিম করাচির প্রায় ৩০০ কিলোমিটার দূরে রেডার থেকে অদৃশ্য হয়ে যায়। সূত্রের খবর বিমান চালক এয়ার ট্রাফিক কন্ট্রোলে বিমানটির যান্ত্রিক সমস্যার কথা জানিয়েছিলেন এবং আঞ্চলিক কন্ট্রোল বেজ থেকে সাহায্যের অনুরোধ করেন। এরপরই বিমানটির সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। ওই বিমানে পাঁচজন বিমানকর্মী  ছিলেন। এই ঘটনায় আরো একবার পাকিস্তানের বিমান সুরক্ষা নিয়ে প্রশ্ন উঠলো।

******************************

বিশ্বকাপ ফুটবলে, শেষ আটে,  ফ্রান্স, মরক্কোর;  স্পেন, বেলজিয়ামের;  নরওয়ে, ইংল্যান্ডের ও আর্জেন্টিনা, সুইজারল্যান্ডের বিরুদ্ধে খেলবে। শেষ আটের পর্ব শুরু হবে আগামিকাল।

গতকালই আর্জেন্টিনা ও সুইজারল্যান্ড কোয়ার্টার ফাইনালে উঠেছে। ৭২ বছর পর কোয়ার্টার ফাইনালে উঠে ইতিহাস সৃষ্টি করলো সুইজারল্যান্ড।

রাউন্ড অফ সিক্সটিনের খেলায়, গতরাতে পেনাল্টি শ্যুট আউটে, সুইজারল্যান্ড ৪-৩ ব্যবধানে কলম্বিয়াকে হারিয়ে দেয়। এদিকে, অন্য খেলায়, রুদ্ধশ্বাস ম্যাচে, আর্জেন্টিনা ৩-২ গোলে মিশরকে হারিয়ে দিয়েছে।

*********************************************************************